বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

"মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন" সংক্রান্ত নির্দেশিকা

সূচীপত্র

“মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন সংক্রান্ত নির্দেশিকা”			
১	ঃ	ভূমিকা--	
২	ঃ	মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের উদ্দেশ্য---	
৩	ঃ	কমিশনের এখতিয়ার--	
৪	ঃ	মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রস্তুতকারক কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment সনদের ধরন--	
৫	ঃ	মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রস্তুতকারক কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment সনদের জন্য আবেদন প্রক্রিয়া-------------------------	
৬	ঃ	মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রস্তুতকারক কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment-এর মেয়াদকাল ও নবায়ন------------------------------	
৭	ঃ	মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রস্তুতকারক কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment ফিস, নবায়ন ফিস ও বার্ষিক ফিস ---------------------	
৮	ঃ	স্থানীয়ভাবে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের প্রচলিত পদ্ধতি-------	
৯	ঃ	ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা --	
১০	ঃ	সার্ভিস সেন্টার, কালেকশন পয়েন্ট ও তথ্য প্রদান---	
১১	ঃ	যন্ত্রাংশ আমদানী অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র (Documents)------	
১২	ঃ	যন্ত্রাংশ আমদানী অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ--	
১৩	ঃ	স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনযোগ্য পণ্যের তালিকা--------------------------------------	
১৪	ঃ	পরিশিষ্ট-১--	
১৫	ঃ	পরিশিষ্ট-২---	
১৬	ঃ	পরিশিষ্ট-৩---	
১৭	ঃ	পরিশিষ্ট-৪---	

১. ভূমিকা

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) ও আমদানী নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমনঃ ট্রান্সমিটার এবং ট্রান্স-রিসিভার ওয়্যারলেস ইকুইপমেন্ট, ওয়াকি-টকি এবং সাউন্ড রেকর্ডার বা রিপ্রডিউসারসহ অন্যান্য রেডিও ব্রডকাষ্ট রিসিভার অন্যান্য বেতারযন্ত্র) আমদানীর ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপরোল্লিখিত বেতার যন্ত্রপাতিসমূহ আমদানী ও বাজারজাত করণের জন্য অত্র কমিশন থেকে Radio Equipment Importer and Vendor Enlistment সনদ প্রদান করা হয়ে থাকে। বর্তমানে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট ব্যবহার্য্য পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দেশীয় বাজার চাহিদা মিটানোর জন্য আমদানি করা হলেও অনেক প্রতিষ্ঠান ইতোমধ্যে বেতারযন্ত্র স্থানীয়ভাবে সংযোজন, উৎপাদন ও রপ্তানী করার জন্য উদ্যোগ গ্রহণ করেছে। উল্লেখ্য, ইতোমধ্যেই স্থানীয়ভাবে মোবাইলফোন হ্যান্ডসেট উৎপাদনের জন্য কমিশন হতে অনেকগুলো প্রতিষ্ঠানকে Enlistment সনদ প্রদান করা হয়েছে এবং বর্তমানে মোবাইলফোন হ্যান্ডসেট স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন এর কার্যক্রম চালু হয়েছে। টেলিযোগাযোগ খাতের দ্রুত প্রসারে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রতিনিয়তই আমদানী করা হয়ে থাকে। দেশের অভ্যন্তরে মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন, উৎপাদন সহ দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বিপণনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যক। এছাড়াও, বর্তমানে ইন্টারনেট অব থিংস (আইওটি) ডিভাইস, ইন্ডাষ্ট্রিয়াল-সায়েন্টিফিক-মেডিক্যাল (আইএসএম) ব্যান্ডে ব্যবহৃত ডিভাইস, রেডিও ফ্রিকুয়েন্সি সেন্সর ভিত্তিক ডিভাইসসহ প্রযুক্তি খাতে নতুন নতুন উদ্ভাবন উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে। এতদপ্রেক্ষিতে "মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন" এর নির্দেশিকা প্রণয়ন করা হলো।

২. মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের উদ্দেশ্য

১. দেশীয় উদ্যোক্তাগণের জন্য স্থানীয়ভাবে টেলিযোগাযোগ যন্ত্রপাতি সংযোজন এবং উৎপাদনে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা;
২. ক্রেতা সাধারণের জন্য কম মূল্যে টেলিযোগাযোগ যন্ত্রপাতি ব্যবহারের সুযোগ সৃষ্টি করা;
৩. অবৈধ আমদানী হ্রাস করার মাধ্যমে সরকারের রাজস্ব ক্ষতি রোধ করা;
৪. কারিগরি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেশে কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল বৃদ্ধি করা;
৫. বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি করা;
৬. টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিদেশে রপ্তানী করে বৈদেশিক মূদ্রা আয় করা;

৩. কমিশনের এখতিয়ার

বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ৫১ ধারায় নিম্ন মতে বিধান বিধৃত আছে:

(১) "উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, কমিশন টেলিযোগাযোগ ব্যবস্থা এবং টেলিযোগাযোগ সেবা প্রদানে ব্যবহার্য যন্ত্রপাতির কারিগরী দিক সম্পর্কে জাতীয়মান (Standard) ও মানদণ্ড (Criteria) নির্ধারণ করিয়া দিতে পারে।"

অর্থাৎ, উপরোক্ত ধারায় টেলিযোগাযোগ ব্যবস্থা ও সেবা-প্রদানে ব্যবহৃত যাবতীয় ডিভাইস তথা যন্ত্রপাতির মান ও মানদন্ড নির্ধারনের চূড়ান্ত এখতিয়ার কমিশন বরাবরে অর্পণ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫২ তে এ বিষয়ে নিম্নলিখিত বর্ণনা রয়েছে:

১. **"প্রান্তিক যন্ত্রপাতির নাম, বিবরণ (Specification), কারিগরী মান ও আনুষংগিক বিষয়াদি নির্ধারণ করিয়া কমিশন সময় সময় নির্দেশিকা প্রণয়ন ও প্রকাশ করিবে।**

২. **প্রান্তিক যন্ত্রপাতি উৎপাদন, আমদানী, বাজারজাতকরণ এবং টেলিযোগাযোগ ব্যবস্থায় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তি উক্ত নির্দেশিকা অনুসরণ করিবেন।"**

এছাড়া বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫৭ অনুযায়ী Radio Equipment Importer and Vendor Enlistment সনদ ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতি কোন ব্যক্তি ব্যবহার, বিতরণ, পরিবেশন, ইজারা দান, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রস্তাব বা প্রদর্শন করিতে পারিবেন না। বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) অনুযায়ী উক্ত সনদ ইস্যূকরণ, নবায়ন, বাতিলকরণ ও স্থগিতকরণের এখতিয়ারও অত্র কমিশনের। আমদানী নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমনঃ ট্রান্সমিটার এবং ট্রান্স-রিসিভার ওয়্যারলেস ইকুইপমেন্ট, ওয়াকি-টকি এবং সাউন্ড রেকর্ডার বা রিপ্রডিউসারসহ রেডিও ব্রডকাষ্ট রিসিভার ও অন্যান্য বেতারযন্ত্র) আমদানীর ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপরোক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে আমদানীর জন্য প্রচলিত Enlistment সনদের ন্যায় "মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন" এর নির্দেশিকা কমিশন কর্তৃক জারী করত: Enlistment সনদ প্রদান করা যায়।

৪. মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment সনদের ধরন

৪.১ মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন এবং দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজারজাতকরণের জন্য ০২ (দুই) প্রকারের Enlistment সনদ প্রদান করা হবে:

১. Enlistment সনদ - ক্যাটাগরী 'এ'
২. Enlistment সনদ - ক্যাটাগরী 'বি'

৪.১.১ Enlistment সনদ - ক্যাটাগরী 'এ': এ ধরণের সনদধারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য বেতার যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন

ও উৎপাদন করার পাশাপাশি বাজারজাতকরণ ও রপ্তানিকরণের জন্য মান সম্মত (Standard) লে-আউটের মাধ্যমে অত্যাধুনিক টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ নিজস্ব Testing Lab থাকতে হবে। প্রতিটি Testing Lab এ প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন বিভিন্ন বিভাগ/শাখা (Department) থাকবে যাতে করে বাংলাদেশে উন্নত এবং আর্ন্তজাতিক মানের টেলিযোগাযোগ সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতি উৎপাদন করা সম্ভব হয়।

৪.১.২ **Enlistment সনদ - ক্যাটাগরী 'বি':** এ ধরণের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব Testing Lab এর প্রয়োজন নেই। প্রতিষ্ঠানটিকে তার প্রস্তুতকৃত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতির মান যাচাই করার জন্য কমিশন অনুমোদিত এবং নিজস্ব Testing Lab সমৃদ্ধ যে কোন একটি Enlistment সনদধারী ক্যাটাগরী-'এ' প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হতে হবে। টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতির কারিগরী মান যাচাইয়ের জন্য উৎপাদন বা সংযোজন সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল টেষ্ট চুক্তিবদ্ধ Testing Lab এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি অত্র কমিশনের নির্ধারিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab স্থাপন করতে সক্ষম হলে এবং একইসাথে প্রয়োজনীয় অন্যান্য শর্ত পূরণ স্বাপেক্ষে তাদের Enlistment সনদ, ক্যাটাগরী-'এ' তে উন্নিত করার সুযোগ থাকবে।

৪.২ কমিশনের স্পেকট্রাম বিভাগ কর্তৃক তালিকাভূক্ত ও সনদধারী প্রতিষ্ঠানসমূহ কমিশন হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ স্বাপেক্ষে Enlistment সনদধারী ক্যাটাগরী-'এ' এবং Enlistment সনদধারী ক্যাটাগরী - 'বি' প্রতিষ্ঠানসমূহ থেকে Original Design Manufacturer (ODM) পদ্ধতিতে চাহিদা এবং স্পেসিফিকেশন অনুযায়ী টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অনুমোদিত যন্ত্রপাতি তৈরী করে নিতে পারবে।

৪.৩ Enlistment সনদধারী ক্যাটাগরী-'এ' প্রতিষ্ঠান তার Testing Lab এর মাধ্যমে Enlistment সনদধারী ক্যাটাগরী-'বি' প্রতিষ্ঠানের ওয়ার্ক অর্ডার অনুযায়ী প্রস্তুতকৃত পণ্যের মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে যৌক্তিক চার্জ এবং সময়সীমা নির্ধারণ করবে এবং তা তাদের মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকবে।

৪.৪ উপ-ধারা ৪.৩ এ বর্ণিত চুক্তির ক্ষেত্রে Enlistment সনদধারী ক্যাটাগরী-'এ' এবং Enlistment সনদধারী ক্যাটাগরী-'বি' প্রতিষ্ঠানদ্বয়ের চুক্তির কপি কমিশনে জমা প্রদান করতে হবে। একই সাথে উৎপাদিত প্রতিটি মডেলের একটি পণ্য সংশ্লিষ্ট ল্যাব টেষ্ট করার পর কমিশনে জমা দিতে হবে। কমিশন কর্তৃক উহার অনুমোদন স্বাপেক্ষে বাজার জাত করার অনুমতি প্রদান করা হবে।

৫. মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment সনদের জন্য আবেদন প্রক্রিয়া

৫.১ মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন, উৎপাদন ও বাজারজাতকরণের লক্ষ্যে Enlistment সনদ ক্যাটাগরী-'এ' এবং Enlistment সনদ ক্যাটাগরী-'বি' এর জন্য আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক **পরিশিষ্ট-১** এ বর্ণিত তথ্যাবলী/ডকুমেন্টস সংযোজন করত: আবেদনপত্র কমিশনের চেয়ারম্যান বরাবর ও দৃষ্টি আকর্ষণ মহাপরিচালক স্পেকট্রাম বরাবর দাখিল

করতে হবে। Enlistment সনদ প্রাপ্তিরপর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ যথানিয়মে কমার্শিয়াল কার্যক্রম শুরু করবে। তৎপরবর্তীতে Enlistment সনদধারী ক্যাটাগরী-‘এ’ প্রতিষ্ঠানের Testing Lab এর মাধ্যমে Enlistment সনদধারী ক্যাটাগরী-‘বি’ প্রতিষ্ঠানের উৎপাদিত অথবা সংযোজিত পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সম্পাদিত কার্যক্রমের সকল তথ্য (যেমনঃ আবেদন প্রাপ্তির তারিখ, টেষ্টের নাম, নমুনা যন্ত্রাংশের সংখ্যা, টেষ্ট সম্পন্ন হওয়ার তারিখ, রিপোর্ট প্রস্ততির তারিখ, রিপোর্ট প্রদানের তারিখ, ইত্যাদি) রেজিষ্টারের মাধ্যমে (হার্ডকপি ও সফটকপি) সংরক্ষণ করতে হবে। এতদ্‌সংক্রান্ত ব্যাপারে কোন আপত্তি কমিশনের নিকট উত্থাপিত হলে কমিশন উক্ত রেজিষ্টারে সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ন্যায্যতার মাধ্যমে সকলের অধিকার সংরক্ষণ করবে।

৫.২ Enlistment সনদ ক্যাটাগরী-‘এ’ ০২ (দুই) ধাপে প্রদান করা হবেঃ

৫.২.১ **প্রথম ধাপঃ <u>পরিশিষ্ট-৪</u>** মোতাবেক টেষ্টিং ল্যাব স্থাপনের অঙ্গিকার প্রদানের পর আবেদনকৃত প্রতিষ্ঠানকে নির্দেশিকার সংশ্লিষ্ট অন্যান্য শর্ত পূরণ স্বাপেক্ষে সাময়িক (Provisional) এনলিস্টমেন্ট সনদ প্রদান করা হবে। এক্ষেত্রে উৎপাদন/সংযোজন কার্যক্রম শুরু করা যাবে না।

৫.২.২ **দ্বিতীয় ধাপঃ** আন্তর্জাতিক পর্যায়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে মিল রেখে মানসম্মত টেষ্টিং ল্যাব স্থাপন সম্পন্ন করে কমিশনকে অবহিত করতে হবে। কারখানা স্থাপনা সরেজমিনে পরিদর্শনের জন্য কমিশন হতে পরিদর্শক দল প্রেরণ করা হবে। পরিদর্শক দলের সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে Enlistment সনদ ক্যাটাগরী-‘এ’ প্রদান করা হবে।

৬. মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment সনদের মেয়াদকাল ও নবায়ন

কমিশন হতে আবেদনকারী প্রতিষ্ঠানের সকল প্রয়োজনীয় তথ্যাবলী/ডকুমেন্টস যাচাই বাছাই করে সঠিকতা বিবেচিত হওয়া স্বাপেক্ষে ‘‘মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা’’ সনদ ১০ (দশ) বছর মেয়াদের জন্য প্রদান করা হবে এবং তৎপরবর্তীতে নিয়মানুযায়ী উক্ত সনদ প্রতি দশ বছর অন্তর নবায়ন করতে হবে। এক্ষেত্রে মেয়াদ পূর্তি হওয়ার ০২ মাস পূর্বে হালনাগাদ সকল কাগজ-পত্রাদিসহ (Enlistment সনদ ক্যাটাগরী-‘এ’ ও Enlistment সনদ ক্যাটাগরী-‘বি’ এর জন্য **<u>পরিশিষ্ট-১</u>** এ বর্ণিত সকল তথ্য/ডকুমেন্টের কপি সহ) নবায়নের জন্য আবেদন করতে হবে।

৭. মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রস্তুতকারক কারখানা স্থাপনের ক্ষেত্রে Enlistment ফিস, নবায়ন ফিস ও বার্ষিক ফিস

ক্রমিক নং	বিষয়বস্তু	Enlistment সনদ ক্যাটাগরী-‘এ’	Enlistment সনদ ক্যাটাগরী-‘বি’	মন্তব্য
১.	Enlistment ফিস	১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা	১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা	বর্ণিত ফিসসমূহ ভ্যাট ব্যতীত ধার্য
২.	নবায়ন ফিস	৭,৫০,০০০/- (সাত লক্ষ	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)	

		পঞ্চাশ হাজার) টাকা	টাকা	করা হয়েছে বিধায় বিধি মোতাবেক ভ্যাট প্রযোজ্য হবে।
৩.	বার্ষিক ফিস	প্রথম ৫ বছর বার্ষিক ফিস প্রযোজ্য হবে না; তৎপরবর্তী ৫ বছরের ক্ষেত্রে বার্ষিক ফি ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে প্রযোজ্য হবে।		

৮. স্থানীয়ভাবে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের প্রচলিত পদ্ধতি

A knock-down kit is a kit containing the parts needed to assemble a product. The parts are typically manufactured in one country or region, and then exported to another country or region for final assembly. Variant names include knock-down kit, knocked-down kit, or simply knockdown, and the abbreviated KD.

বেতার যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনের প্রচলিত ও বৈশ্বিকভাবে স্বীকৃত দু'টো পদ্ধতিই দেশীয় প্রেক্ষাপট অনুযায়ী অনুসরণ করা হবে। পদ্ধতিদ্বয় নিম্নরূপ:

১. CKD (Complete Knock Down) পদ্ধতি
২. SKD (Semi Knock Down) পদ্ধতি

৮.১ **CKD (Complete Knock Down) পদ্ধতি:** A common form of knock-down is a Complete Knock Down (CKD), which is a complete kit needed to assemble a product. It is also a method of supplying parts to a market, particularly in shipping to foreign nations, and serves as a way of counting or pricing. CKD is a common practice in the automotive, bus, heavy truck and rail vehicle industries, as well as electronics.

৮.২ **SKD (Semi Knock Down) পদ্ধতি:** SKD used to describe a product that is exported/Imported in a set of parts that have been partly put together, and which are then all put together for sale to customers. An incompletely disassembled kit is known as SKD for Semi-Knocked Down.

৯. ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা

বিটিআরসি'র নিকট থেকে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা সনদ প্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত সকল ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

৯.১ কারখানার ই-বর্জ্য সংগ্রহ স্থান (Collection Point) স্থাপন করতে হবে।

৯.২ ই-বর্জ্য পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী রি-সাইক্লিং অথবা ধ্বংস করার পূর্ব পর্যন্ত নিজ কারখানায় পরিবেশসম্মত উপায়ে সংরক্ষণ করতে হবে।

৯.৩ সংরক্ষিত ই-বর্জ্য অথবা বেশি পরিমাণ ই-বর্জ্য জমা হলে অথবা বছরে নূন্যতম একবার পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রি-সাইক্লিং অথবা ধ্বংস করার জন্য বিটিআরসিতে আবেদন করতে হবে।

৯.৪ প্রতিষ্ঠান কর্তৃক আবেদনের প্রেক্ষিতে বিটিআরসি বিদ্যমান প্রক্রিয়ার মাধ্যমে ই-বর্জ্য রি-সাইক্লিং অথবা ধ্বংস করার অনুমতি প্রদান করবে।

৯.৫ প্রতিষ্ঠান কর্তৃক ই-বর্জ্যের পরিমাণ এবং রি-সাইক্লিং অথবা ধ্বংস এর যাবতীয় তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবে এবং ০৬ (ছয়) মাস পর পর (প্রতি বছরের জানুয়ারী এবং জুলাই) কমিশনকে অবহিত করবে।

৯.৬ কমিশনের নির্দেশনা অনুযায়ী দেশের বিভিন্ন স্থানে একটি বুট/সার্ভিস সেন্টারের মাধ্যমে সকল জনসাধারণ এর ই-বজ্য রাখার ব্যবস্থা করতে হবে। উৎপাদনে যাওয়ার ৬-১২ মাসের মধ্যে তা বাস্তবায়ন কওে কমিশনকে লিখিতভাবে অবহিত করতে হবে।

১০. সার্ভিস সেন্টার ও কালেকশন পয়েন্ট ও তথ্য প্রদান

১০.১ মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতির ক্ষেত্রে প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবার মান নিশ্চিত করতে ঢাকায় ন্যূনতম ০৩ (তিন)টি, অন্যান্য সকল বিভাগীয় শহরে ন্যূনতম ০২ (দুই)টি করে এবং দেশের সকল জেলা শহরে ন্যূনতম ০১ (এক) টি করে সার্ভিস সেন্টার স্থাপন করতে হবে। একইসাথে সর্বোচ্চ গুরুত্বের সহিত গ্রাহকের চাহিদা বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক কালেকশন পয়েন্ট স্থাপন করতে হবে যাতে করে কোনভাবেই গ্রাহক সেবা বিঘ্নিত না হয়।

১০.২ কমিশনের চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করাসহ কমিশনকে অবহিত করার জন্য নিয়মিত ভিত্তিতে (ত্রৈমাসিক/ষন্মাসিক) প্রতিবেদন জমা প্রদান করতে হবে। উক্ত তথ্য ও প্রতিবেদনের মাধ্যমে Enlistment সনদধারী প্রতিষ্ঠানের গ্রাহক, চাহিদা, আয়, ব্যয়, উন্নয়ন ও প্রয়োজনীয়তার উপর সার্বিক চিত্র পাওয়া যাবে।

১১. যন্ত্রাংশ আমদানী অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী/দলিলাদি (Documents)

SKD এবং CKD, উভয় পদ্ধতিতে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি আমদানীর অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের পূর্বে আবেদনকারী প্রতিষ্ঠানকে **পরিশিষ্ট-২** এ বর্ণিত তথ্যাবলী/দলিলাদি (Documents) জমা প্রদান করতে হবে।

১২. যন্ত্রাংশ আমদানী অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ

আবেদনকারী প্রতিষ্ঠান হতে **পরিশিষ্ট-২** এ বর্ণিত তথ্য/ডকুমেন্ট গ্রহণ করে কমিশনের সংশ্লিষ্ট বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণপূর্বক মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের জন্য কমিশন হতে প্রয়োজনীয় আমদানী অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণ করা হবে। উক্ত আমদানীর অনাপত্তি পত্র (NOC)-তে **পরিশিষ্ট-৩** এ বর্ণিত **শর্তসমূহ** যুক্ত করা হবে।

১৩. স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনযোগ্য পণ্যের তালিকা

এই নির্দেশিকার আওতায় কেবলমাত্র মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত কমিশনের পূর্বানুমোদন স্বাপেক্ষে বাজারজাত করন ও রপ্তানি করনের উদ্দেশ্যে নিম্ন বর্ণিত সকল প্রকার টেলিযোগাযোগ পণ্য স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন করা যাবে:

১. টেলিযোগাযোগ সেবার ক্ষেত্রে প্রযোজ্য ট্রান্সমিশন এবং রিসিপশন সংক্রান্ত বিভিন্ন ধরনের এন্টেনা।

২. ওয়াকি টকি সেট, রিপিটার, বুষ্টার।
৩. আইওটি ডিভাইস (সেন্সর ভিত্তিক, সিম ভিত্তিক, সিম বিহীন)।
৪. আইএসএম ব্যন্ডে ব্যবহৃত টেলিযোগাযোগ সংশ্লিষ্ট ডিভাইস।
৫. সুইচ, রাউটার, ফায়ারওয়াল, মাল্টিপ্লেক্সার ইত্যাদি (নেটওয়ার্কিং ইকুইপমেন্ট)।
৬. টেলিকম ডিভাইস সংক্রান্ত ব্যাটারী, চার্জার, হ্যাডফোন, ব্লুটুথ ডিভাইস ও ব্যবহার্য্য গেজেট, ইত্যাদি।
৭. মেরিটাইম/টেরিষ্ট্রিয়াল/স্পেইস কমিউনিকেশন এর ক্ষেত্রে প্রযোজ্য টেলিযোগাযোগ সংশ্লিষ্ট ডিভাইস, ইত্যাদি।
৮. টেলিকম নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট অ্যাপস্ ভিত্তিক ডিভাইস।

পরিশিষ্ট-১

Enlistment সনদ গ্রহণের লক্ষ্যে আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্য/ডকুমেন্ট জমা দিতে হবে:

১. হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি (সত্যায়িত)।
২. হাল নাগাদ আমদানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
৩. সর্বশেষ আয়কর প্রদানের সনদপত্রের ফটোকপি ও একই সাথে হালনাগাদ আয়কর রিটার্ণ দাখিলের রশিদ বা ব্যাখ্যা প্রদান (সত্যায়িত)।
৪. মূল্য সংযোজন কর সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
৫. ব্যাংক সলভেন্সি (Sound & Solvent) সনদপত্র (বর্তমান)। ফটোকপি হলে সত্যায়িত হতে হবে।
৬. প্রতিষ্ঠানের নামে বা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর নামে ইতোপূর্বে **"মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন"** সংক্রান্ত সনদ গ্রহণ করা হয় নাই মর্মে অঙ্গীকারনামা।
৭. লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে মেমোরান্ডাম অব এসোসিয়েসন ও আর্টিকেল অব এসোসিয়েশন এর ফটোকপি (সত্যায়িত)। **অথবা,**
ব্যক্তি মালিকানার ক্ষেত্রে প্রোপ্রাইটারশীপ সার্টিফিকেট, অর্থাৎ (নোটারী পাবলিক থেকে "৩০০/- টাকার ষ্ট্যাম্পে হলফ নামা" এর মূলকপি)। **অথবা,**
পার্টনারশীপের ক্ষেত্রে Registrar of Joint Stock Companies & Firms, Bangladesh হতে রেজিষ্ট্রিকৃত সনদ এর ফটোকপি (সত্যায়িত)।
৮. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
৯. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
১০. সংস্থায় কর্মরত নূন্যতম ০৫ (পাঁচ) জন টেকনিক্যাল জনবলের জীবন বৃত্তান্ত, নিয়োগকৃত হলে নিয়োগ পত্র।
১১. Bangladesh Investment Development Authority (BIDA)-এর ছাড়পত্র (সত্যায়িত)।
১২. হাল নাগাদ ইন্ডাষ্ট্রিয়াল আমদানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
১৩. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (সত্যায়িত)।

১৪. হাল নাগাদ রপ্তানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)। (শুধুমাত্র স্থানীয়ভাবে উৎপাদিত বা সংযোজিত মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত অন্যান্য বেতার যন্ত্রপাতি রপ্তানীকারকের জন্য প্রযোজ্য)
১৫. মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধন কপি (সত্যায়িত)।
১৬. উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের ডিভাইস-এর কারিগরী মান/বৈশিষ্ট্য সঠিকভাবে নিরুপণ করার জন্য **পরিশিষ্ট-৪** এ বর্ণিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab স্থাপনের সুনির্দিষ্ট সময়কালসহ বিস্তারিত প্ল্যান। (Enlistment সনদ ক্যাটাগরি- 'বি' এর জন্য প্রযোজ্য নয়)
১৭. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Testing Lab এর সাথে সম্পাদিত চুক্তির কপি জমা দিতে হবে;
১৮. কারখানা ভবন ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তির কপি;
১৯. প্রযোজ্যক্ষেত্রে কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের ছাড়পত্র নিতে হবে।
২০. প্রযোজ্যক্ষেত্রে উৎপাদিত পণ্যের ক্ষেত্রে BSTI এর অনুমোদন নিতে হবে।

পরিশিষ্ট-২

SKD পদ্ধতিতে বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত তথ্য/ডকুমেন্ট জমা দিতে হবেঃ

১. উৎপাদনকারীকে খুচরা যন্ত্রংশ আমদানি করার সময় বিটিআরসি হতে **"মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন"** সংক্রান্ত Enlistment সনদধারী হতে হবে এবং হালনাগাদ/নবায়নকৃত থাকতে হবে।
২. সকল আবেদন চেয়ারম্যান, বিটিআরসি এবং দৃষ্টি আকর্ষণ মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ বরাবর দাখিল করতে হবে।
৩. ক. আবেদনকৃত যন্ত্রাংশের মডেল নিরুপণ পূর্বক PCB/PCBA (Printed Circuit Board Assmbly) এর Sample দেখাতে হবে।
খ. PCB/PCBA নাই এমন যন্ত্রাংশের ক্ষেত্রে মডেলটির নাম, স্পেসিফিকেশন, বিস্তারিত উল্লেখ করতঃ একটি পরিপূর্ণ স্যাম্পল জমা দিতে হবে।
৪. Proforma Invoice (মূল্যসহ এবং মূল্যবিহীন) উভয়ভাবেই প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও কর্তৃক সত্যায়ন করে জমা দিতে হবে।
৫. আমদানীতব্য যন্ত্রাংশ যে মডেলের বিপরীতে আমদানী করা হচ্ছে Proforma Invoice-এ তা উল্লেখ থাকতে হবে।
৬. যদি উৎপাদনকারী পণ্যটি অন্য কোন কোম্পানীর ব্যবহারের নিমিত্তে OEM করতে চান তবে উক্ত কোম্পানীটির এই বেতার যন্ত্রেও ব্যবহারের অনুমতি প্রদান করতে হবে।

৭. সম্ভাব্য প্রত্যেক মডেলের Brochure/Technical Specification প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

৮. আবেদনের সাথে পূরণকৃত নির্ধারিত এপ্লিকেশন ফরম হার্ডকপি, সফট্‌কপি এবং সিডিতে (এক্সেল ফরমেট) জমা দিতে হবে।

৯. আমদানীকৃত যন্ত্রাংশের কোন প্রকার অপব্যবহার করা যাবে না, আমদানীকৃত যন্ত্রাংশের যথাযথ রেজিস্ট্রার সংরক্ষনকরণ এবং একই ব্র্যান্ডের একই মডেলের ডিভাইস আমদানী ও স্থানীয়ভাবে উৎপাদন করা হবে না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১০. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত PCB/PCBA, Display, Adapter/Charger, Battery আমদানির ক্ষেত্রে কারিগরী মান নিশ্চিত করণে আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি Testing Lab হতে নিম্নোক্ত অনুচ্ছেদ ১২ তে বর্ণিত সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণের Certificate/Test Report প্রদান করতে হবে অথবা, দেশীয় কোন ক্যাটাগরী-"এ" উৎপাদনকারীর টেষ্টিং ল্যাবে মান নিয়ন্ত্রণের সনদ জমা দিতে হবে।

১১. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত স্থানীয় কারখানায় উৎপাদিত বা সংযোজিত মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি-এর ক্ষেত্রে কারিগরী মান নিজস্ব Testing Lab-এ যাচাইপূর্বক আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি Testing Lab হতে নিম্নোক্ত অনুচ্ছেদ ১২ এর খ তে বর্ণিত সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণের সনদ প্রদান করতে হবে।

১২. **নতুন ব্র্যান্ডের/মডেলের ক্ষেত্রে প্রোপ্রাইটার/এমডি/সিইও কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত ডকুমেন্ট জমা দিতে হবেঃ**

SL No	Detail	Display	PCB/PCBA	Battery	Others
1.	Manufacturing Certificate	✓	✓	✓	✓
2.	Quality Assurance Certificate	✓	✓	✓	✓
3.	Agreement with Supplier	✓	✓	✓	✓
4.	SAR	x	✓	x	x
5.	Test Report	✓	✓	✓	x
6.	Warranty Card	✓	✓	✓	✓

আবেদনকৃত পণ্যে উপরোক্ত টেবিলে বর্ণিত যন্ত্রাংশের সনদের বর্ণনা দেওয়া হলো।

টিক চিহ্ন (✓) এর ডক্যুমেন্ট সমূহ জমা দিতে হবে। ক্রস চিহ্ন (x) ডক্যুমেন্টসমূহ জমা দিতে হবে না।

i. Manufacturer Certificate (Original Language Native & English Version) (PCB এর ক্ষেত্রে);

ii. Quality Assurance Certificate (with verified webpage);

iii. Copy of Agreement with PCB/PCBA Manufacturer;

iv. SAR (Specific Absorption Rate) Test Report (Maximum Value both in Body and Head is 1.6 W/Kg) PCB এর ক্ষেত্রে;

v. Battery Test Report (Local & Manufacturer Both) (Battery এর ক্ষেত্রে);

vi. Display Test Report (Display এর ক্ষেত্রে);

vii. Adapter/Charger Test Report (Adapter/Charger এর ক্ষেত্রে);
viii. Warranty Card with address & contact no. of service center;

পরিশিষ্ট-৩

SKD পদ্ধতিতে বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনাপত্তি পত্র (NOC) প্রদান করা হবেঃ

১. কারিগরী বিষয়াদি বিবেচনার্থে এই NOC প্রদান করা হলো। যন্ত্রপাতির মূল্যসহ অন্যান্য আর্থিক বিষয়ে BTRC সংশ্লিষ্ট নয়।

২. Enlistment Certificate এর সকল শর্ত অত্র NOC এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩. আমদানি ছাড়পত্রের (NOC) মেয়াদ Enlistment সনদ-এর মেয়াদ বা NOC ইস্যুর তারিখ হতে ০৬ মাসের মধ্যে যা কম সে পর্যন্ত বলবৎ বলে গণ্য হবে।

৪. অত্র অনুমতি পত্রের যে কোন পরিবর্তন ও পরিবর্ধন সরকার/কমিশন কর্তৃক করা যাবে।

৫. প্রযোজ্য ক্ষেত্রে ডিভাইসের কি-প্যাড BSTI অনুমোদিত হতে হবে এবং PCB/PCBA-তে বাংলা ফন্ট সাপোর্টেড সফট্ওয়্যার থাকতে হবে।

৬. বাংলায় তথ্য আদান প্রদানের জন্য সামঞ্জস্যপূর্ণ ৭ ও ৮ বিটের ইউনিকোড এনকোডিং স্ট্যান্ডার্ড (UTF 16/UCS 2) সংযোজন করতে হবে। PCB/PCBA-তে বাংলা ফন্ট সাপোর্টের সফট্ওয়্যার থাকতে হবে।

৭. আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডাইজেশন অরগানাইজেশন যেমন, আইটিইউ, থ্রি-জিপিপি, আইইইই, ইত্যাদি এর স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে।

৮. বিক্রয়ের পূর্বে উৎপাদিত সংশ্লিষ্ট ডিভাইস গুলির International Mobile Equipment Identity (IMEI) নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) কমিশনে জমা দিয়ে বিক্রয়ের অনুমতি নিতে হবে।

৯. উৎপাদিত ডিভাইস হতে প্রতিটি মডেলের নমুনা বিটিআরসিতে প্রদর্শন করে বিক্রয়ের অনুমতি নিতে হবে। বিটিআরসি'র আনুমোদন ছাড়া কোন পণ্য সংযোজন/উৎপাদনের পরেও বাজারজাত কিংবা রপ্তানি করা যাবে না।

১০. ডিভাইসসমূহ বাজারজাতকরণের বিজ্ঞাপনে বাংলা কী-প্যাড/UTF 16 Feature টি ক্রেতাদের দৃষ্টিগোচরে আনতে হবে এবং ভবিষ্যতে NOC পাওয়ার পূর্বে বিজ্ঞাপনের কপি বিটিআরসিতে প্রদান করতে হবে।

১১. "ব্র্যান্ডিং" এর শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ডিভাইস আমদানি ও বাজারজাত করতে হবে (শুধুমাত্র উৎপাদনকারী ভেন্ডর ও অপারেটরের একত্রে কো-ব্র্যান্ডিং এর ক্ষেত্রে প্রযোজ্য)

১২. উৎপাদিত ডিভাইস গুলির জন্য কমপক্ষে ০১ (এক) বৎসরের বিক্রয়োত্তর সেবা (Warranty) প্রদান করতে হবে। উৎপাদনকারীর সার্ভিস সেন্টারের ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত Warranty Card প্রত্যেকটি বিক্রয়যোগ্য ডিভাইসের সাথে প্রদান করতে হবে।

১৩. কোন নির্দিষ্ট ব্র্যান্ডের একই মডেলের ডিভাইস আমদানী ও স্থানীয়ভাবে উৎপাদন করা যাবে না।

১৪. কমিশন কর্তৃক অনুমোদিত যে কোন প্রকারের রেডিও কমিউনিকেশনের ক্ষেত্রে বহি:স্থ ইন্টারফিয়ারেন্স প্রতিরোধে অনুমোদন বিহীন রেডিও ফ্রিকুয়েন্সি ইকুইপমেন্ট (যেমন: রিপিটার, জ্যামার, ইত্যাদি) কমিশনের তালিকাভূক্ত ভেন্ডর প্রতিষ্ঠান অথবা, তার অধীনস্ত ডিস্ট্রিবিউটর অথবা, রিটেইলার প্রতিষ্ঠান অনুমতি বিহীনভাবে উৎপাদন, ক্রয়, বিক্রয় হতে বিরত থাকতে হবে এবং এটি আইনত দন্ডনীয় অপরাধ।

১৫. শুধুমাত্র স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনুমতি প্রদান করা হবে। তবে কোন অবস্থাতেই উক্ত যন্ত্রাংশ ব্যবহার করে অনুমোদনহীন অন্য কোন প্রকার যন্ত্রপাতি তৈরী করা যাবে না।

১৬. আমদানীতব্য PCB/PCBA ও আনুষঙ্গিক যন্ত্রাংশ দ্বারা কি পরিমান ডিভাইস উৎপাদন করা যাবে তার Decleration প্রদান করতে হবে। সংযোজনকালীন যন্ত্রাংশের অবচয় এবং বিক্রয়োত্তর সেবা বিবেচনা করে উৎপাদন/সংযোজন শুরু করার পর থেকে ০১ বছর পর্যন্ত সর্বোচ্চ ৮% PCB ও আনুষঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। তবে পরবর্তী বছর থেকে সর্বোচ্চ ৫% PCB ও আনুষঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। আমদানীকৃত যন্ত্রাংশের সঠিক ও যথাযথ তথ্য (হার্ডকপি ও সফটকপি) রেজিস্ট্রার সংরক্ষনকরণ করতে হবে। কমিশনের পরিদর্শক এর চাহিদা অনুযায়ী যে কোন সময়ে উক্ত রেজিস্ট্রার প্রদর্শন করতে বাধ্য থাকবে।

১৭. দেশে উৎপাদিত প্রত্যেক পণ্যের গায়ে Made in Bangladesh লেখা থাকবে এবং উৎপাদিত পণ্যের সাইজ আন্তর্জাতিক পণ্যের সাইজের সাথে মিল থাকতে হবে।

পরিশিষ্ট-৪

প্রতিটি উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান একটি মান সম্মত (Standard) লে-আউটের মাধ্যমে তাদের Testing Lab স্থাপন করবে। ল্যাবের আয়তন এবং রুমের সংখ্যা উৎপাদনের সংখ্যার সাথে সঙ্গতি রেখে স্থাপন করতে হবে। প্রতিটি Testing Lab এ প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন বিভাগ (Department) থাকবে যাতে করে উন্নত মানের ডিভাইস উৎপাদন করা সম্ভব হয়। কারিগরী মান/ বৈশিষ্ট্য সঠিকভাবে নিরুপণ করার জন্য ন্যূনতম নিম্নবর্ণিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab থাকতে হবে।

১. Testing Lab-এর লে-আউট:

আন্তর্জাতিক মানের উৎপাদন নিশ্চিত করতে প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন অনেকগুলি বিভাগ (Department) থাকতে হয়। টেস্টিং ল্যাবে গবেষণা ও উন্নয়ন (Research and Development-R&D) সুবিধাসহ অন্যান্য বিভাগসমূহের সুষ্ঠু কর্ম পরিবেশ নিশ্চিত করতে ল্যাবের ন্যূনতম আয়তন ৫,০০০ (পাঁচ হাজার) বর্গফুট হতে হবে।

২. Testing Lab-এর বিভাগসমূহ:

i. Clean Room
ii. Reliability Test Department
iii. Battery Test Department
iv. Accessories Test Department
v. RF, Audio and Optical Test Department
vi. Research and Development-R&D Department
vii. Accessories Store Room
viii. Finished Product & Final Quality Control (QC) Test Department

৩. Testing Lab টি নিম্নবর্ণিত সুবিধা সমৃদ্ধ হতে হবেঃ

i. Electro Static Discharge (ESD) protection of complete lab area is required.
ii. Temperature should be within 22~27 degree celcius (i.e. whole area must be air conditioned)
iii. Humidity required range: 40~90%
iv. Adequate fire protection and fire fighting equipment must be made available in lab area.
v. Ensure compressed air support machine for the set up of reliability test lab.
vi. Whole lab area should be dust free.
vii. Layout of the lab area should be designed in accordance with the requirement of number, dimension and properties of test equipment.
viii. The minimum requirement of test equipments, as prescribed by BTRC is given in the list attached herewith. However, BTRC preserves the right to add/deduct any number of test equipment from the list as and when required.

৪. Testing Lab-এ নিম্নবর্ণিত টেস্টসমূহ পরিচালনার সুবিধাদি/টেস্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ হতে হবেঃ

৪.১ Reliability Test Lab:

i. Drop tester
ii. Micro-drop tester
iii. ESD tester
iv. Button tester
v. TP (Touch Panel) scratch testing
vi. Connection inserting test machine
vii. Speaker life test
viii. Steel ball drop test
ix. Humidity/Temperature Tester
x. RCA tester
xi. Device bending tester

xii. Pencil hardness tester
xiii. Wire bending tester

৪.২ Battery Test Lab:

i. Battery analyzer
ii. Battery life cycle analyzer
iii. NTC (Negative Temparature Co-efficient) checker
iv. Battery cell tester

৪.৩ Accessories Test Lab:

i. Hi-Pot tester
ii. LCR Meter
iii. DC electronic load
iv. AC power regulator
v. Oscilloscope
vi. Thermal imager
vii. Precision power supply

৪.৪ RF, Audio and Optical Lab:

i. RF tester
ii. Frequency Sweeper
iii. RF Sensor tester
iv. Shield Box
v. Sound pressure level meter (SPL meter)
vi. DB meter (Sound power level meter)
vii. Brightness/luminance of display tester

এছাড়াও, প্রযোজ্য ক্ষেত্রে সময়ের চাহিদা বিবেচনায় উৎপাদনকৃত পণ্যের গুণগতমান বৈশ্বিক পর্যায়ের সাথে মিল রাখার জন্য নতুন নতুন প্রযুক্তি সম্পন্ন আন্তর্জাতিক মানের টেষ্টিং ল্যাব ইকুইপমেন্ট সংযোজন করতে হবে (যেমন: RF Anechoic Chamber, Acoustic Anechoic Chamber, etc.)। মূলতঃ সময়ের পরিক্রমায় প্রযুক্তিগত পরিবর্তনের সাথে তালমিলিয়ে আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্যের মান বজায় রাখা ও দেশের সুনাম অক্ষুন্ন রাখা বাঞ্ছনীয়।